



TRANSPARENCY
INTERNATIONAL
BANGLADESH

Social movement against corruption

MIDAS Centre (Level 4 & 5)
House # 05, Road # 16 (New) 27 (Old)
Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Tel: +880 2 9124788, 9124789, 9124792, Fax: 9124915
E-mail: info@ti-bangladesh.org, Website: www.ti-bangladesh.org
Facebook: www.facebook.com/TIBangladesh

সংবাদ বিজ্ঞপ্তি

২৫ অক্টোবর প্রকাশিত 'পার্লামেন্ট ওয়াচ' শীর্ষক গবেষণা প্রতিবেদনের ওপর বিভিন্ন প্রতিক্রিয়ার প্রেক্ষিতে টিআইবি'র বোর্ড অব ট্রাস্টিজের অবস্থান

ঢাকা, ১১ নভেম্বর ২০১৫: ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) কর্তৃক প্রণীত নিয়মিত গবেষণা 'পার্লামেন্ট ওয়াচ' গত ২৫ অক্টোবর ২০১৫ সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকাশের পর জাতীয় সংসদে ৯ নভেম্বর ২০১৫ অনুষ্ঠিত আলোচনা ও এ প্রেক্ষিতে গণমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত বহুমুখী মন্তব্য ও অভিমতের প্রতি টিআইবি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষিত হয়েছে।

বোর্ড দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, বরাবরের মত এবারের উল্লিখিত প্রতিবেদনও সম্পূর্ণ বস্তুনিষ্ঠ, তথ্য-নির্ভর, গবেষণা-প্রসূত যা সংসদ সচিবালয়, সংসদে প্রত্যক্ষ পর্যবেক্ষণ ও বিটিভি প্রচারিত সরাসরি সম্প্রচার থেকে প্রাপ্ত। গবেষণা প্রতিবেদনে বাস্তব অবস্থার প্রতিফলন ঘটেছে।

তবে প্রতিবেদনের কোন অংশ বা নির্বাহী পরিচালকের কোন বক্তব্যে যদি কোন সম্মানিত সংসদ সদস্য আহত হয়ে থাকেন তাহলে তা কেবলই ভুল বোঝাবুঝির কারণে হয়েছে বলে আমরা বিশ্বাস করি।

টিআইবি পরিচালিত পার্লামেন্ট ওয়াচ শীর্ষক গবেষণার একমাত্র উদ্দেশ্য বাংলাদেশের মহান জাতীয় সংসদের কার্যকরতা বৃদ্ধিতে গঠনমূলক অবদানের মাধ্যমে সংসদের সম্মান ও মর্যাদা উন্নত করায় অনুঘটকের ভূমিকা পালন করা। জাতীয় সংসদের প্রাতিষ্ঠানিক মর্যাদা বিন্দুমাত্র ক্ষুণ্ণ করা টিআইবি'র উদ্দেশ্য নয়। বরং সংসদের প্রতি প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণের প্রত্যাশা পূরণ, আস্থা ও সম্মান উত্তরোত্তর বৃদ্ধি পাবে, এই লক্ষ্যেই উক্ত গবেষণা ও অ্যাডভোকেসি পরিচালিত হয়।

বোর্ড অব ট্রাস্টিজ'র পক্ষে,

অ্যাডভোকেট সুলতানা কামাল
চেয়ারপারসন
বোর্ড অব ট্রাস্টিজ, টিআইবি

গণমাধ্যম যোগাযোগ:

রিজওয়ান-উল-আলম
পরিচালক
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২